'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2023

## CC7-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১।　নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) কোন্ বিদেশী কাব্যের প্রভাবে মধুসূদন দত্ত 'বীরাঙ্গনা' কাব্যের পরিকল্পনা করেন ? কাব্যটির এবং কবির নাম লেখো।

(খ) 'বীরাঙ্গনা' কথাটির অর্থ কী ? এই কাব্যে মধুসূদন দত্ত যে বীর নারীদের কথা বলেছেন, তাদের নাম লেখো।

(গ) 'সোনার তরী' কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছিলেন ? কাব্যটির প্রথম প্রকাশ কবে হয়েছিল ? কাব্যটির অন্তর্গত দুটি প্রকৃতি-বিষয়ক কবিতার নাম লেখো।

(ঘ) "ঠাঁই নাই, ঠাঁই নাই–ছোট সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।"
—উদ্ধৃত অংশটি কোন্ কবিতার অন্তর্গত ? কবির এরকম বলার অর্থ কী ? সংক্ষেপে পংক্তি দুটির অন্তর্নিহিত তাৎপর্য লেখো।

(ঙ) 'এষা' কাব্যের প্রকাশকাল লেখো । এটি কী জাতীয় কাব্য ? 'এষা' শব্দের অর্থ কী ?

(চ) 'এষা' কাব্যের 'শোক' পর্যায়ের ১৪ সংখ্যক কবিতার সারকথা অতি সংক্ষেপে লেখো।

২।　নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) পত্রকাব্য হিসেবে 'বীরাঙ্গনা' কাব্যের সার্থকতা আলোচনা করো।

(খ) 'বীরাঙ্গনা' কাব্যের কোন্ দুটি পত্রিকায় মাতৃহৃদয়ের ভাবনার প্রকাশ ঘটেছে ? পত্র দুটির মধ্যে কোথাও কোনো মৌলিক পার্থক্য আছে বলে তুমি মনে করো কি ? তোমার অভিমত দাও।

(গ) 'এষা' কাব্যের 'মৃত্যু' পর্যায়ের ৬ সংখ্যক কবিতার ভাববস্তু আলোচনা করো।

(ঘ) 'মানস সুন্দরী' কবিতা অবলম্বনে সংক্ষেপে রবীন্দ্রনাথের রোমান্টিক ভাবনার পরিচয় দাও।

(ঙ) 'পরশপাথর' কবিতাটির রচনাকাল উল্লেখ করো। কবিতাটিতে কবি জীবনের কোন্ সত্যের উত্থাপন করেছেন আলোচনা করো।

(চ) অক্ষয়কুমার বড়ালের 'এষা' কাব্য রচনার প্রেক্ষাপটটি আলোচনা করো।

৩।　নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ　　১২×২ = ২৪

(ক) 'সোমের প্রতি তারা' পত্রে মধুসূদন দত্ত তারা চরিত্রের মধ্য দিয়ে যে নারী মনস্তত্ত্বের চিত্র তুলে ধরেছেন আলোচনা করো।

(খ) 'যেতে নাহি দিব' কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর যে বিশ্বের চিরন্তন বাণী তুলে ধরেছেন আলোচনা করো।

(গ) 'এষা' কাব্যকে শোককাব্য বলা যায় কি ? আলোচনা করো।

(ঘ) 'দশরথের প্রতি কেকয়ী' বীরাঙ্গনা কাব্যের কত সংখ্যক পত্র ? এই পত্রে রাজা দশরথের প্রতি কেকয়ী যে অভিযোগ তুলেছেন — আলোচনা করো।

——×——